

মূল পাণ্ডুলিপি:

ছেলেটার বয়স হবে বছর দশেক—

পরের ঘরে মানুষ।

যেমন আগাছা বেড়ে ওঠে ভাঙা বেড়ার ধারে—

মালীর যত্ন নেই,

আছে আলোক বাতাস বৃষ্টি

পোকামাকড় ধুলোবালি—

কখনো ছাগলে দেয় মুড়িয়ে,

কখনো মাড়িয়ে দেয় গোরুতে—

তবু মরতে চায় না, শক্ত হয়ে ওঠে,

ভাঁটা হয় মোটা,

পাতা হয় চিকন সবুজ।

ছেলেটা কুল পাড়তে গিয়ে গাছের থেকে পড়ে,

হাড় ভাঙে,

বুনো বিষফল খেয়ে ওর ভির্মি লাগে,

রথ দেখতে গিয়ে কোথায় যেতে কোথায় যায়,

কিছুতেই কিছু হয় না—

আধমরা হয়েও বেঁচে ওঠে,

হারিয়ে গিয়ে ফিরে আসে

কাদা মেখে কাপড় ছিঁড়ে—

মার খায় দমাদম,

গাল খায় অজস্র—

ছাড়া পেলেই আবার দেয় দৌড়।

103/Beng(N)

UG/1st Sem/BENG-CC-103/25

২০২৫

বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-103

(বানানবিধি, প্রুফ সংশোধন, পরিভাষা, কন্টেন্ট রাইটিং)

[NEP-2020]

পূর্ণমান : ৩৫

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

১×৫=৫

ক) কোন প্রতিষ্ঠান সর্বপ্রথম বাংলা বানানের প্রমিতকরণের উদ্যোগ গ্রহণ করে?

খ) 'কি' এবং 'কী' বানান দুটির অর্থপার্থক্য বাক্যে ব্যবহার করে বুঝিয়ে দাও।

গ) 'Academic'—শব্দের বাংলা পরিভাষা লেখো।

ঘ) সচেতন প্রুফ রিডারের প্রাথমিক কর্তব্য কী?

ঙ) দুটি শব্দের মাঝে 'স্পেস' বা 'ফাঁকা আছে' বোঝানোর জন্য প্রুফ রিডার কোন চিহ্ন ব্যবহার করবেন?

চ) 'কন্টেন্ট রাইটিং'—এর জন্য কোন ভাষা ব্যবহার করা উচিত তা একটি বাক্যে লেখো।

ছ) 'কন্টেন্ট রাইটিং'—এর জন্য কোন কোন 'ডিজিট্যাল প্ল্যাটফর্ম' ব্যবহার করা যেতে পারে?

জ) যে কোনো ভাষায় পারিভাষিক শব্দ প্রয়োগের যে কোনো একটি কারণ উল্লেখ করো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

ক) ব্যক্তিনাম, পদবি, গ্রন্থনাম, স্থাননাম বানানগুলি ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধির মৌল নীতিগুলি কী কী?

খ) পরিভাষা লেখো (যে-কোনো পাঁচটি):

Capital, Tender, Data Bank, Anatomy, File, Graduate, Manager, Ideology, Study Leave, Secretary.

গ) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সংক্ষেপে লেখো।

ঘ) 'কন্টেন্ট রাইটিং'—এর সময় পাঠকের বিশ্বাসযোগ্যতা অর্জনের জন্য কী কী করা উচিত?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) অ-তৎসম শব্দের আকাদেমির বানান বিষয়ে সিদ্ধান্তগুলি সংক্ষেপে লেখো।

খ) 'কন্টেন্ট রাইটিং' কত রকমের হতে পারে? বিভিন্ন প্রকার 'কন্টেন্ট রাইটিং' সম্পর্কে সংক্ষেপে লেখো।

গ) পরিভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

ঘ) প্রুফ সংশোধন করো:

ছেলেটার বয়সহবে বছর দশেক—

পরের ঘরে মানুষ।

যেমন আছা বেড়ে উঠে ভাঙা বেড়ার ধারে

মালীর যত্ন নেই,

আছে সালোক বাতাস বৃষ্টি

পোকামাকর ধুলো বালি—

কখনো ছাগলে দেয় মুড়িয়ে,

কখনো মড়ি যে দেয় গোরুতে—

মরতে চাই না, শব্দ হয়ে ওঠে,

ডাটা হয় মোটা,

পাতা হয় চিকন সবুজ।

ছেলেটা কুল পড়তে গিয়ে গাছে থেকে পড়ে,

হাড় ভাঙে

বুনো বিষফল খেয় ওর ভির্মি লাগে,

রথ দেখতে গিয়ে কোথায় যেতে কোথায় যায়,

কিছুতেই কিছু হয় না;

আধরা হয়েও বেঁচে ওঠে,

হারিয় গিয়ে ফিরে আসে

কাদা মেখে কাপড় ছিঁড়ে—

মার খায় দমদে ম,

গাল খায় অজস্র—

ছাড়া পেলে আবার দেয় দৌড়।